

বিজ্ঞান
৪২

শিক্ষার্থীদের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থেকে বঞ্চিত করা গ্রহণযোগ্য নয়

তথ্য বিবরণী * : বিভিন্ন সূত্র থেকে মন্ত্রণালয়ের গোচরীভূত হয়েছে যে, অনিবার্য কারণবশতঃ অনেক শিক্ষার্থী পাবলিক পরীক্ষাপূর্ব নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে না অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে মেধাবী হওয়ার সত্ত্বেও এক বা একাধিক বিষয়ে কাল্পনিক ফলাফল অর্জনে সাময়িকভাবে সমর্থন হয় না। একারণে এ ধরনের শিক্ষার্থীদের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থেকে বঞ্চিত করা গ্রহণযোগ্য নয়। ৭৪ ১১৫ কঃ ৭

শিক্ষার্থীদের পাবলিক পরীক্ষায়

১১৩-এর পৃষ্ঠার পর: ১১৩-এর পৃষ্ঠার পর:

বিদ্যুৎ বিবেচনায় এনে নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ এবং পাবলিক পরীক্ষা অংশগ্রহণ সংক্রান্ত গত ১৯-১০-২০০৩ তারিখে শিমা/শাঃ ১১/১০(১৫)/২০০৩/১১৫৯ সংখ্যক স্মারকে জারীকৃত সংশ্লিষ্ট বিজ্ঞপত্রের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এছাড়া বিভিন্ন স্তরের পাবলিক পরীক্ষার ফলাফল কাল্পনিক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পাবলিক পরীক্ষাপূর্ব মডেল টেস্ট গ্রহণের বিষয়েও সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ ধরনের মডেল টেস্ট আয়োজন করা হলে পরীক্ষার্থীরা টাইম ম্যানেজমেন্ট প্রোগ্রামের দেয়ার ক্ষেত্রে প্রশ্ন নির্বাচন ও অগ্রাধিকার নিয়ন্ত্রণ করতে পারদর্শী হবে। এছাড়া ট্রায়াল ভিত্তিতে পরীক্ষায় অংশগ্রহণের কারণে তাদের হাতে-কলমে অভিজ্ঞতা অর্জিত হবে।

পাবলিক পরীক্ষাপূর্ব মডেল টেস্ট কেন্দ্রীয়ভাবে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের তত্ত্বাবধানে অনুষ্ঠান করা যেতে পারে। কেন্দ্রীয়ভাবে পরীক্ষা অনুষ্ঠান সম্ভব না হলে শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্রিক মডেল টেস্ট অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এসএসসি বা সমমানের পরীক্ষার আদলে প্রশ্নপত্র প্রণয়ন করে উপযুক্ত পরিবেশ সৃষ্টির মাধ্যমে টেস্ট গ্রহণ করতে হবে। এজন্য পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত কোন ফিস গ্রহণ করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে তহবিল থেকে মডেল টেস্টের ব্যয় নির্বাহ করতে হবে। জেলার অভ্যন্তরে অনুষ্ঠিত মডেল টেস্ট জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার তদারকি দায়িত্ব পালন করবেন। পরীক্ষা শেষে দ্রুত উত্তরপত্র মূল্যায়ন করে শিক্ষার্থীদের ফিডব্যাক দিতে হবে।